

# কিডারগাটেনে ভর্তি

## ৯ জানুয়ারি থেকে ২মার্চের মধ্যে আবেদন করুন


২ মার্চের মধ্যে জমা দেওয়া সব আবেদন সমানভাবে বিবেচিত হবে, আগে আবেদন করলে আগে ভর্তি করা হবে - এই নিয়ম প্রযুক্ত নয়।

২০১২ সালে যারা কিডারগাটেনে ভর্তি হবে, তাদের সবাইকে একটি আবেদনপত্র জমা দিতে হবে।

বর্তমান প্রি-কিডারগাটেন এবং প্রতিবন্দী শিক্ষার্থীরাও এই প্রক্রিয়ার অন্তর্ভুক্ত।

## কারা যোগ্য?

২০০৭ সালে জন্মগ্রহণকারী নিউ ইয়র্ক সিটির সব ছেলেমেয়ে



## পরিবারগুলো কীভাবে আবেদন করবে?

আপনার জোন স্কুল এবং সন্তান ভর্তির যোগ্য এমন যেসব স্কুলের প্রতি আগ্রহ আছে, সেগুলো পরিদর্শন করুন।

আবেদনপত্র ছাড়াও পিতামাতাদেরকে নিচে উল্লিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- আপনার সন্তানের জন্মসনদ বা পাসপোর্ট
- নিউ ইয়র্কের বাসিন্দার প্রমাণ (দুইটি)
  - বাসিন্দার নামে ন্যাশন্যাল গ্রিড, কন এডিসন, বা লং আইল্যান্ড পাওয়ার অর্থরিটির ইস্যু করা ইউটিলিটি বিল (গ্যাস বা ইলেকট্রিসিটি); বিগত ৬০ দিনের কোন একদিনের তারিখযুক্ত হতে হবে
  - বাসিন্দার নামে ও ঠিকানায় আইআরএস, এনওয়াইসিএইচএ, এইচআরএ, এসিএস, বা এসিএস-এর কোন সাবকন্ট্রাকটরের লেটারহ্যাড-এ দেওয়া কোন চিঠি বা নথি; বিগত ৬০ দিনের কোন একদিনের তারিখযুক্ত হতে হবে
  - বাসিন্দার নামে মূল লিজ, চুক্তি বা মর্টগেজ-এর স্টেটমেন্ট
  - বাসিন্দার নামে ইস্যু করা সাম্প্রতিক প্রপার্টি ট্যাক্স বিল
  - বাসিন্দার নামে পানির বিল; বিগত ৬০ দিনের কোন একদিনের তারিখযুক্ত হতে হবে
  - নিয়োগদাতার কাছ থেকে প্রাপ্ত ট্যাক্স পরিশোধের জন্য প্রস্তুত করা কোন দাপ্তরিক নথি বা পেরোল রসিদ; বিগত ৬০ দিনের কোন একদিনের তারিখযুক্ত হতে হবে

কিডারগাটেনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য অনুগ্রহ করে (718) 935-2009 নম্বরে ফোন করুন বা

[www.nyc.gov/Schools/ChoicesEnrollment/Elementary](http://www.nyc.gov/Schools/ChoicesEnrollment/Elementary)